দৈনিক জনকণ্ঠ

তারিখ 05 JAN 1994
পৃষ্ঠা ৭ কলাম ৬

12

# তারা শিক্ষা প্রতিষ্ঠান দখল করতে চায় ॥ শেখ হাসিনা

আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা বলেছেন, আমরা ছাত্রদের হাতে বই খাতা তুলে দিয়েছি, বিএনপি দিয়েছে অস্ত্র। তারা অস্ত্র দিয়ে সন্ত্রাস করে শিক্ষা প্রতিষ্ঠান দখল

(শেষ পৃষ্ঠা ২ কঃ দেখুন)

## তারা শিক্ষা প্রতিষ্ঠান

প্রথম পাতার পর

করতে চায়। বিএনপি সরকারের একজন মন্ত্রী ছাত্রদের হাতে অস্ত্র তুলে দেয়ার কথা স্বীকার করেছে।

তিনি মঙ্গলবার মিন্টো রোডে বিরোধী দলের নেত্রীর বাসভবনে টাঙ্গাইল মির্জাপুর কলেজ ছাত্র সংসদের নব-নির্বাচিত কর্মকর্তাসহ ছাত্রলীগের নেতা কর্মীদের উদ্দেশ্যে বক্তৃতা করছিলেন। শেখ হাসিনা নবনির্বাচিতদের অভিনন্দন জানিয়ে বলেন, ছাত্রলীগ দেশের প্রতিটি গুরুত্বপূর্ণ সময় কার্যকর ভূমিকা পালন করেছে। বর্তমান সরকারের অন্যায়ের বিরুদ্ধেও তারা সোচ্চার ভূমিকা পালন করবে।

তিনি বলেন, ছাত্রদের প্রধান দায়িত্ব লেখাপড়া করা। লেখাপড়া করেই তাদেরকে মেহনতি জনতার মুক্তির জন্য প্রস্তুত হতে হবে। আওয়ামী লীগ আগামী ১০ বছরের মধ্যে দেশ থেকে নিরক্ষরতা দূর করার যে কর্মসূচী নিয়েছে তাতেও ভূমিকা পালন করতে হবে তাদের। যেখানেই অন্যায়, অত্যাচার, নির্যাতন সেখানেই প্রতিবাদী হয়ে ওঠার জন্য তিনি ছাত্রসমাজের প্রতি আহ্বান জানান।

দলের সাধারণ সম্পাদক জিল্লুর রহমান, আমির হোসেন আমু, আবদুর রাজ্জাক, অবদুল জলিল, শামসুর রাহমান খান, ওবায়দুল কাদের, আব্দুল মান্নান, প্রমুখ এসময় উপস্থিত ছিলেন। সংবাদ বিজ্ঞপ্তি।